

## Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Dr. Thongloun Sisoulith, Prime Minister of Lao People's Democratic Republic

June 12, 2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং লাও জনগণতান্ত্রিক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী মহামান্য ডক্টর থাংলোয়ান সিসৌলিথের মধ্যে টেলিফোনে বাক্যালাপ

জুন 12, 2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ লাও জনগণতান্ত্রিক প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী মহামান্য ডক্টর থাংলোয়ান সিসৌলিথের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

বিশ্বব্যাপী কোভিড-19 অতিমারির ফলে স্বাস্থ্য এবং অর্থনৈতিক ক্ষেত্রে যে চ্যালেঞ্জগুলি উদ্ভূত হয়েছে সেই বিষয়ে দুই নেতা মত বিনিময় করেছেন। লাওসে অতিমারি ছড়িয়ে পড়া আটকাতে লাও পিডিআর সরকার যে কার্যকর পদ্ধতি গ্রহণ করেছেন মাননীয় প্রধানমন্ত্রী তার প্রশংসা করেছেন।

কোভিড পরবর্তী বিশ্বের প্রস্তুতির জন্য আন্তর্জাতিক সহযোগিতা, সবচেয়ে ভাল চর্চা এবং অভিজ্ঞতার আদানপ্রদানের প্রয়োজনীয়তার বিষয়ে উভয় নেতা সহমত হয়েছেন।

লাওসের সাথে ঐতিহাসিক এবং সাংস্কৃতিক যোগাযোগের উপর মাননীয় প্রধানমন্ত্রী আলোকপাত করেছেন এবং বিশ্বের ঐতিহ্যমূলক স্থান হিসেবে ভাট ফোউ এর পুনরুদ্ধারের বিষয়ে তার সন্তুষ্টির কথা প্রকাশ করেছেন। লাওসের উন্নয়ন প্রকল্প, কার্যক্ষমতা গঠন এবং স্কলারশিপের ক্ষেত্রে ভারতের সাহায্যের জন্য লাওসের প্রধানমন্ত্রী মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

ভারতের প্রসারিত প্রতিবেশী নীতিতে এক মূল্যবান অংশীদার হিসেবে লাও পিডিআর এর সাথে উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে অংশীদারিত্বের প্রতি ভারতের অঙ্গীকার মাননীয় প্রধানমন্ত্রী পুনরায় ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

জুন 12, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.